

**বেতন বৈষম্য দূর করার দাবি
 আবারও আন্দোলনে নামছে
 প্রাথমিক শিক্ষকরা**

যুগান্তর রিপোর্ট

প্রধান শিক্ষকদের সঙ্গে বেতন বৈষম্য হ্রাসসহ বিভিন্ন দাবিতে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা নতুন কর্মসূচি ঘোষণা করেছেন। ওক্রবার রাজধানীতে সংবাদ সম্মেলনে তারা এই ঘোষণা দেন।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী তারা আগামী ২ মে থেকে ২ ঘণ্টা করে পুনরায় ১০ দিনের কর্মবিরতি শুরু করবেন। এছাড়া ১০ থেকে ১০০ শ্রেণীর মধ্যে বিভিন্ন বিভাগে সমাবেশ ও ২ জন ঢাকায় মহানগরদেপ্তার করবেন।

সহকারী প্রাথমিক শিক্ষকদের পক্ষে আন্দোলনে এ কর্মসূচি ঘোষণা করে বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমালয়। সকালে রাজধানীর মুক্তিভবনের মৈত্রী মিদনায়তনে সংবাদ সম্মেলনে সূচনা বক্তব্য রাখেন সংগঠনের যুগ্ম আহ্বায়ক নূরু আর্দীন সিদ্দিকী, রবিউল। লিখিত বক্তব্য পাঠ করেন সদস্য সচিব শাহিনুর আল আমিন। এছাড়া সাব্বাদুর রহমান, আনিসুর রহমান, আবদুল ওয়াদুদ, মালিমুজ্জামান, রফিকুল ইসলাম রুবি প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে বলা হয়, সহকারী শিক্ষক পদকে প্রাথমিক শিক্ষা প্রশাসনের এটি (সূচনা) পদ থেকে পরিচালক পর্যন্ত পঁতড়াপ পদোন্নতির ব্যবস্থা করতে হবে। তারা বলেন, ৯ মার্চ সরকারি প্রজ্ঞাপনে প্রধান শিক্ষকের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদাসহ বেতন ছেল নির্ধারণ করা হয়। তাতে সহকারী শিক্ষকদের বেতন ছেল প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন বিবেচনায় প্রধান শিক্ষকের তুলনায় ২ ধাপ নিচে নির্ধারণ করা হয়েছে। অথচ ইতিপূর্বে এক ধাপ নিচে এটা নির্ধারিত ছিল। তারা বলেন, নয়া এই বেতন ছেল এজন্য বৈষম্যমূলক, যে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা একই ধরনের যোগ্যতা নিয়ে চাকরিতে আছেন এবং পদমর্যাদা সময় তারা কর্মস্থলে ব্যয় করেন। তাই পদের বিন্যাসের কারণে এভাবে বৈষম্য করা চলবে না।

এর আগে এই একই দাবিতে সহকারী শিক্ষকরা ১ থেকে ১০ এপ্রিল পর্যন্ত বিভিন্ন দফায় কর্মবিরতি পালন করেন। এরপরই তারা নয়া কর্মসূচি ঘোষণা করলেন।